আপলোডের ব্যবস্থা নিন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণী
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
www.betar.gov.bd

**নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার**

নথি নং-১৫.৫৩.০০০০.০০০.০১৬.০৬.০০০১.২৫.১০৬৪ তারিখ: ১৬/০৭/২০২৬

বিষয় ঃ বাংলাদেশ বেতার, সদর দপ্তরের নিরাপত্তা কমিটির নিয়মিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ রুবাইয়াত শামীম চৌধুরী, পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার।
স্থান : পরিচালক (প্রশাসন ও অর্থ) দপ্তর কক্ষ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
তারিখ ও সময় : ০৭ জুলাই, ২০২৬ খ্রিঃ; সময় বেলা ১১.০০ ঘটিকা।
সভায় অংশগ্রহণকারী : পরিশিষ্ট-ক।

সভায় সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার নিরাপত্তা বিষয়ে উপ-আঞ্চলিক প্রকৌশলী (নিরাপত্তা) উপস্থিত সকলকে অবগত করেন। আলোচনা সভায় উপস্থিত কর্মকর্তাগণের আলোচনার আলোকে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার নিরাপত্তা সংক্রান্ত আলোচনা | বাংলাদেশ বেতার, সদর দপ্তরের প্রধান ফটকে ব্যাগ স্ক্যানার মেশিন ও আর্চওয়ে সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। | বাংলাদেশ বেতার, সিলেট কেন্দ্র থেকে অব্যবহৃত নতুন ব্যাগ স্ক্যানার মেশিন ও আর্চওয়ে আন্তঃকেন্দ্রিক বদলির মাধ্যমে বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকায় নিয়ে আসার বিষয়ে বাংলাদেশ বেতার, সদর দপ্তর (নিরাপত্তা শাখা) থেকে সংরক্ষণ অনুবিভাগকে পত্র প্রেরণ করা হয়। সংরক্ষণ অনুবিভাগ-এর প্রতিনিধি এ বিষয়টি প্রক্রিয়াধীন অবস্থায় রয়েছে বলে অবহিত করেন। কাজটি দ্রুত সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র প্রকৌশলী, সংরক্ষণ অনুবিভাগ, উপ-আঞ্চলিক প্রকৌশলী (নিরাপত্তা) ও নিরাপত্তা কর্মকর্তা |
| ০২. | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার ওয়াচ টাওয়ার ও দক্ষিণ দিকের সীমানা প্রাচীরের উপর কাঁটা তারের বেড়া সংক্রান্ত আলোচনা | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার পশ্চিম দিকের সীমানা প্রাচীরের মধ্য ভাগের ওয়াচ টাওয়ার ও দক্ষিণ দিকের সীমানা প্রাচীরের উপর কাঁটা তারের বেড়া সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার পশ্চিম দিকের সীমানা প্রাচীরের মধ্য ভাগে নির্মাণাধীন ওয়াচ টাওয়ারটির অসম্পূর্ণ কাজ ও দক্ষিণ দিকের সীমানা প্রাচীরের উপর কাঁটা তারের বেড়া স্থাপন সদর দপ্তরের আওতাধীন সংরক্ষণ অনুবিভাগ চলতি অর্থ বছরে এপিপিতে বিষয়টি অন্তর্ভুক্ত করে নির্মাণ কাজ শেষ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র প্রকৌশলী, সংরক্ষণ অনুবিভাগ, পরিচালক (প্রশাসন ও অর্থ) ও অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০৩. | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকায় আমন্ত্রিত অতিথি, শিল্পী সংক্রান্ত আলোচনা | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকায় আমন্ত্রিত অতিথি, শিল্পী সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকায় আমন্ত্রিত অতিথি, শিল্পীদের দৈনিক কিউ শিট বাংলাদেশ বেতার ঢাকা ও বার্তা বিভাগের শিডিউল আবশ্যিকভাবে সদর দপ্তরের নিরাপত্তা শাখায় প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ঢাকাস্থ সকল অনুষ্ঠান শাখা/বার্তা শাখার দপ্তর/ইউনিট প্রধানগণ |
| ০৪. | গেইট পাশ সংক্রান্ত আলোচনা | বাংলাদেশ বেতার আগারগাঁও চত্বরে গেইট পাশ সীমিতকরণ সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। | আগত অতিথিদের সাথে প্রধান ফটকের পার্শ্বে রিসিপশন কক্ষে সাক্ষাৎ করা। অতিথিদের প্রবেশের ক্ষেত্রে বিশেষ প্রয়োজনে পরিচালক এবং তাঁর উপরের পদ মর্যাদার কর্মকর্তাগণের সাথে টেলিফোনে কথা বলে এবং অন্যান্য পদ মর্যাদার কর্মকর্তাগণ পাশ ব্যবহার করে, রেজিষ্টারে নাম অন্তর্ভুক্ত করে, অতিথিরা বেতারের অভ্যন্তরে প্রবেশ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ঢাকাস্থ সকল দপ্তর/ইউনিট প্রধানগণ |
| ০৫. | ময়লা কালেকশন সংক্রান্ত আলোচনা | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠান আগারগাঁও ক্লিনিং সার্ভিসের ময়লা কালেকশন সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। | বাংলাদেশ বেতার আগারগাঁও চত্বরের ময়লা ফেলার জন্য ১০ তলা প্রশাসনিক ভবনের পিছনে গ্যারেজ সংলগ্ন ময়লার ড্রামসমূহ রয়েছে, দীর্ঘদিন ব্যবহারের ফলে ময়লার ড্রামসমূহ ভেঙ্গে গেছে/অকেজো হয়ে আছে। এতে আগারগাঁও ক্লিনিং সার্ভিসের পরিচ্ছন্নতা কর্মীগণের ময়লা কালেকশন করতে বেশ অসুবিধা হচ্ছে মর্মে তারা অবহিত করেন। প্রেক্ষিতে, ০৫ (পাঁচ) টি চাকাযুক্ত (বড়) বিন ক্রয়ের সিদ্ধান্ত হয়। | অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) ও উপ পরিচালক (প্রশাসন ও অর্থ) |

চলমান পাতা-২

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৬. | দাপ্তরিক পরিচয়পত্র ও ভিজিটর পাস সংক্রান্ত আলোচনা | বাংলাদেশ বেতার, সদর দপ্তরসহ সকল দপ্তর/ইউনিটের দাপ্তরিক পরিচয়পত্র ও আগত অতিথিদের জন্য ভিজিটর পাস সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। | বাংলাদেশ বেতার, সদর দপ্তরসহ সকল দপ্তর/ইউনিটের দাপ্তরিক পরিচয়পত্রের পুরাতন ডিজাইনটি পরিবর্তন করে নতুন আঙ্গিকে/ডিজাইন ও আগত অতিথিদের জন্য ভিজিটর পাস চলতি অর্থ বছরে ছাপানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) ও উপ পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০৭. | কেপিআই জরিপ কমিটির পরিদর্শন সংক্রান্ত আলোচনা | কেপিআই জরিপ কমিটি বাংলাদেশ বেতার, সদর দপ্তর পরিদর্শন করবেন-এ সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। | আগামী ২২.০৭.২০২৬ খ্রিঃ কেপিআই জরিপ কমিটি বাংলাদেশ বেতার, সদর দপ্তর পরিদর্শন করবেন। উক্ত দিনে ঢাকাস্থ সকল দপ্তর/ইউনিটে নিরাপত্তা জোরদার করণে একটি অফিস আদেশ জারি করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ), উপ-আঞ্চলিক প্রকৌশলী (নিরাপত্তা) ও নিরাপত্তা কর্মকর্তা |
| ০৮. | সীমানা প্রাচীরের পার্শ্বে গাছের ডাল-পালা ও আগাছা পরিষ্কার সংক্রান্ত আলোচনা | সীমানা প্রাচীরের পার্শ্বে গাছের ডাল-পালা ছাঁটাই ও আগাছা পরিষ্কার সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। | আগামী ২২.০৭.২০২৬ খ্রিঃ কেপিআই জরিপ কমিটি বাংলাদেশ বেতার, সদর দপ্তর পরিদর্শন করবেন। পরিদর্শনের আগেই বাংলাদেশ বেতারের সীমানা প্রাচীরের পার্শ্বে গাছের ডাল-পালা ছাঁটাই ও আগাছা পরিষ্কার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য, গাছের ডাল-পালা ছাঁটাই ও আগাছা পরিষ্কার করণের জন্য যন্ত্রপাতি চলতি অর্থ বছরে ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ পরিচালক (প্রশাসন ও অর্থ), উপ-আঞ্চলিক প্রকৌশলী (নিরাপত্তা) ও নিরাপত্তা কর্মকর্তা |
| ০৯. | প্রশাসনিক ভবনের উপরের ট্যাংকি পরিষ্কার সংক্রান্ত আলোচনা | ১০ তলা প্রশাসনিক ভবনের উপরের পানির ট্যাংকিটি পরিষ্কার করণ সংক্রান্ত আলোচনা হয়। | ১০ তলা প্রশাসনিক ভবনের উপরের পানির ট্যাংকিটি নিয়মিত ০৬ (ছয়) মাস অন্তর অন্তর পরিষ্কার করণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, কারিগরি কার্য, বা বে, ঢাকা |
| ১০. | পুলিশ ব্যারাকের ভবনের উপরের ট্যাংকি, ওয়াশ রুমের যাবতীয় কাজ, বৈদ্যুতিক ফ্যানের কাজ সংক্রান্ত আলোচনা | পুলিশ ব্যারাকের ভবনের উপরের ট্যাংকি, ওয়াশ রুমের যাবতীয় কাজ, বৈদ্যুতিক ফ্যানের কাজ সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। | বাংলাদেশ বেতারের অভ্যন্তরে পুলিশ ব্যারাকের ভবনের উপরের ট্যাংকিটি নিয়মিত ০৬ (ছয়) মাস অন্তর অন্তর পরিষ্কার করণ, ওয়াশ রুমের সেনেটারি, ফিটিংস ফিকচার পরিবর্তন, বৈদ্যুতিক ফ্যান মেরামত ও সরবরাহ, ব্যারাকের বৈদ্যুতিক ওয়্যারিং মেরামতসহ যাবতীয় সকল বিষয় সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা সম্পন্ন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, বা বে, ঢাকা |

পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে নিরাপত্তা কমিটির সভাপতি পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৬/০৭/২৬

মোঃ রুবাইয়াত শামীম চৌধুরী
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ও
প্রধান নিরাপত্তা কর্মকর্তা
☎ ঃ ০২-৪৪ ৮১৩ ০৭১
ই-মেইল : da@betar.gov.bd

নথি নং- ১৫.৫৩.০০০০.০০০.০১৬.০৬.০০০১.২৫. ১০৬৪ তারিখ : ১৬/০৭/২০২৫

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
০২। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
০৩। অতিরিক্ত মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
০৪। উপ-মহাপরিচালক (অনুষ্ঠান-১/২), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
০৫। উপ-মহাপরিচালক (নিউ মিডিয়া সেল), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
০৬। উপ-মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
০৭। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
০৮। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সংরক্ষণ ও সরঞ্জাম/কারিগরি কার্য, বাংলাদেশ বেতার, ঢাকা।
০৯। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা (অনুগ্রহ পূর্বক ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১০। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র/জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা/সংরক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ বেতার, ঢাকা
১১। সিনিয়র প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ঢাকা।
১২। পরিচালক, অনুষ্ঠান/লিয়াজোঁ/শিক্ষা/সংগীত/কৃষি সার্ভিস দপ্তর/জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টিসেল/কেন্দ্রীয় বার্তা সংস্থা/মনিটরিং পরিদপ্তর/বাণিজ্যিক কার্যক্রম/ট্রান্সক্রিপশন সার্ভিস/বহির্বিশ্ব কার্যক্রম/ট্রাফিক সম্প্রচার কার্যক্রম, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৩। পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা।
১৪। অতিরিক্ত পরিচালক, (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৫। আঞ্চলিক পরিচালক, বেতার প্রকাশনা দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৬। স্টেশন প্রকৌশলী, মনিটরিং পরিদপ্তর/ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৭। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৮। উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৯। উপ-আঞ্চলিক প্রকৌশলী (আইন, প্রশিক্ষণ ও নিরাপত্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২০। নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২১। নথি/গার্ড ফাইল।

সৈয়দ জাহিদুল ইসলাম
অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)